



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোর্ড/পনি/পরী:/জেএসসি/২০১৭/২১৬১(১০)

তারিখ : ০৭/০৯/২০১৭ খ্রি.

বিষয়ঃ শারীরিক শিক্ষা (১৪৭), চারু ও কারুকলা (১৪৮) এবং জীবন ও কর্মমুখী শিক্ষা (১৫৫) বিষয়ের পরীক্ষা গ্রহণ ও নম্বর প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের রেজিস্ট্রেশনধারী সকল জেএসসি পরীক্ষার্থী অর্থাৎ যাদের রেজিস্ট্রেশন নম্বর ১৭ দিয়ে শুরু হয়েছে তাদের শারীরিক শিক্ষা (১৪৭), চারু ও কারুকলা (১৪৮) এবং জীবন ও কর্মমুখী শিক্ষা (১৫৫) এই ০৩ টি বিষয়ের পরীক্ষা সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে না। এক্ষেত্রে করণীয় নিম্নরূপ :

- ০১। প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান নিজ নিজ প্রতিষ্ঠানের শুধুমাত্র ২০১৭ সালের জেএসসি রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদের বর্ণিত ০৩টি বিষয়ের পরীক্ষা নিজ নিজ প্রতিষ্ঠান গ্রহণপূর্বক উত্তরপত্র মূল্যায়ন শেষে প্রাপ্ত নম্বর সংরক্ষণের ব্যবস্থা করবেন।
- ০২। শিক্ষা বোর্ড হতে রেজিস্ট্রেশন ও প্রবেশপত্র পাওয়ার পর শুধুমাত্র ২০১৭ সালের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদের রোল ও রেজিস্ট্রেশনের বিপরীতে বিষয়ভিত্তিক প্রাপ্ত নম্বর বসিয়ে ০৩ (তিন) সেট নম্বর ফর্দ তৈরি করে ০২ (দুই) সেট সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের সচিবের নিকট জমা দিয়ে প্রাপ্ত স্বীকার গ্রহণ করবেন এবং ০১ (এক) সেট নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন।
- ০৩। কেন্দ্র সচিবগণ কেন্দ্রভুক্ত প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে বর্ণিত ০৩টি বিষয়ের প্রাপ্ত নম্বর www.dinajpurboard.gov.bd-এর JSC CA Mark এই Option ব্যবহার করে ১৯/১১/২০১৭ থেকে ২৩/১১/২০১৭ তারিখের মধ্যে Online-এ প্রেরণ নিশ্চিত করবেন। কেন্দ্র সচিবগণ প্রতিষ্ঠান থেকে পাওয়া নম্বরফর্দের ০১ (এক) সেট এবং Online-এ Entry করার পর প্রাপ্ত হার্ড কপি ০১ (এক) সেট কেন্দ্রের মালামাল জমাদানের সময় শিক্ষা বোর্ডের পরীক্ষা শাখায় জমা দিয়ে প্রাপ্ত স্বীকার গ্রহণ করবেন এবং ০১ (এক) সেট করে নম্বরফর্দ ও হার্ড কপি কেন্দ্রে সংরক্ষণ করবেন।
- ০৪। উল্লেখ্য অনিয়মিত পরীক্ষার্থীদের বর্ণিত ০৩টি বিষয়ের পরীক্ষা গত বছরের ন্যায় সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রেই যথানিয়মে অনুষ্ঠিত হবে।
- ০৫। ২০১৭ সালের রেজিস্ট্রেশনধারী সকল পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রে বর্ণিত ০৩টি বিষয়ের নাম ও কোড নম্বর যথারীতি উল্লেখ থাকবে।

বিষয়টি অতীব জরুরি।

প্রধান শিক্ষক/অধ্যক্ষ
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান।


মোঃ তোফাজ্জুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

ফোন : ০৫৩১-৫১৮৮১(অফিস)

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ০১। কেন্দ্র সচিব, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেএসসি পরীক্ষা কেন্দ্র।
- ০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০৩। অফিস কপি।